গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭।
www.bppa.gov.bd

স্মারক নং: ২১.০০.০০০০.০০০.৩৯৩.২৭.০১৩৪.২৬-৯৬৪ তারিখ: ২৯/১০/২০২৬ খ্রি.

বিষয়: বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)-এর অধীন নির্বাহী প্রকৌশলী, অপারেশন বিভাগ, ইউনিট-২, শাহজিবাজার, ৩৩০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র, বিপিডিবি, হবিগঞ্জ কর্তৃক আহ্বানকৃত "Procurement of Boiler dosing chemicals (Hydrazine hydrate and ammonia Solution) for Shahjibazar 330 MW CCPP, BPDB, Habiganj., Invitation Reference No.: 27.11.3671.435.34. 064.702 Date: 19/05/2026, Package No.: GR-44/2025-26, Tender/Proposal ID: 1279988" শীর্ষক দরপত্র/প্রস্তাবের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি-৭৩(১৪) অনুযায়ী রিভিউ প্যানেলে দায়েরকৃত আপিল-এর সিদ্ধান্ত (আপীল আবেদন নং-১৩৪/২০২৬)।

উপরোল্লিখিত বিষয়ে, রিভিউ প্যানেল-০২ এর সিদ্ধান্তের অনুলিপি আপনার জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(প্রকৌ: শেখ নজরুল ইসলাম)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-০২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি), ওয়াপদা ভবন, মতিঝিল সি/এ, ঢাকা
৫. নির্বাহী প্রকৌশলী, অপারেশন বিভাগ, ইউনিট-২, শাহজিবাজার, ৩৩০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র, বিপিডিবি, হবিগঞ্জ
৬. জনাব সাইফুল ইসলাম, প্রোপ্রাইটর- রয়েল এন্টারপ্রাইজ, আউখাবো, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এবং
৭. অফিস কপি

পুনর্বিবেচনার আবেদন নং ১৩৪/২০২৬

বিষয়: দরপত্র মূল্যায়ন প্রক্রিয়ার অস্বচ্ছতা, সম্ভাব্য স্বার্থের সংঘাত এবং দুর্নীতি বা চক্রান্তমূলক কার্যকালাপ সম্পর্কে সন্দেহ হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি-৭৩ (১৪) অনুযায়ী রিভিউ প্যানেলে আপীল দায়ের।

অভিযোগকারী/বাদী: প্রোপ্রাইটর, রয়েল এন্টারপ্রাইজ, আউখাবো-ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

বনাম

বিবাদী:

১)	নির্বাহী প্রকৌশলী (অপারেশন)(ক্রয়কারি), শাহজিবাজার ৩৩০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র , বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, শাহজিবাজার, হবিগঞ্জ।
২)	চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
৩)	সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০।

৫.০ আদেশ:

বাদী ও বিবাদী পক্ষের উপস্থাপিত বক্তব্য, দাখিলকৃত রেকর্ডপত্র এবং রিভিউ প্যানেলের পর্যবেক্ষণ পর্যালোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত আদেশ প্রদান করা হলো:

৫.১ আলোচ্য ক্রয় কার্যক্রমের জন্য গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (Tender Evaluation Committee) মূল্যায়ন প্রক্রিয়ার একটি বাধ্যতামূলক ও অপরিহার্য ধাপ হিসেবে দরপত্রদাতার উত্তর-যোগ্যতা (Post-Qualification) যথাযথভাবে যাচাই করতে ব্যর্থ হওয়ায় কমিটিকে সমষ্টিগতভাবে সতর্ক করা হলো। ভবিষ্যতে দরপত্র মূল্যায়ন কমিটি সরকারি ক্রয় বিধিমালা (PPR), ২০২৫-এর সংশ্লিষ্ট বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করবে;

৫.২ M. M. Enterprise কর্তৃক জাল নির্দিষ্ট অভিজ্ঞতার সনদ (Specific Experience Certificate) দাখিলের মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রমে (Fraudulent Practice) সম্পৃক্ততার অভিযোগটি নিরপেক্ষ ও যথাযথভাবে তদন্ত করার জন্য চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদান করা হলো। তদন্তে অভিযোগের সত্যতা প্রমাণিত হলে সরকারি ক্রয় বিধিমালা, ২০২৫-এর বিধি ১৪৯ এবং অন্যান্য প্রযোজ্য আইন ও বিধি-বিধান অনুসারে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ডিবারমেন্ট (Debarment) কার্যক্রমসহ প্রয়োজনীয় আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫.৩ আলোচ্য জালিয়াতির ঘটনায় ক্রয়কারী এবং উক্ত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রত্যক্ষ বা পরোক্ষ সম্পৃক্ততা ছিল কি না, তা নিরপেক্ষ ও যথাযথ তদন্তের মাধ্যমে নিরূপণ করার জন্য চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদান করা হলো। তদন্তে ক্রয়কারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের জালিয়াতির সঙ্গে সম্পৃক্ততা অথবা প্রযোজ্য আইন ও বিধি-বিধান লঙ্ঘনের বিষয়টি প্রমাণিত হলে, সরকারি ক্রয় বিধিমালা, ২০২৫-এর বিধি ১৪৯ এবং অন্যান্য প্রযোজ্য আইন ও বিধি-বিধান অনুসারে দায়ী ব্যক্তি বা ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫.৪ M. M. Enterprise কর্তৃক দাখিলকৃত নির্দিষ্ট অভিজ্ঞতার সনদ জাল মর্মে যথাযথ তদন্তে প্রমাণিত হলে, ক্রয়কারী কর্তৃক Ref. No.: ২৭.১১.৩৬৭১.৪৩৫.৮৭.২০২৬.৭৬৩, তারিখ: ২৩/০৬/২০২৬-এর মাধ্যমে প্রতিষ্ঠানটির অনুকূলে ইস্যুকৃত আলোচ্য 'Supply Completion Certificate'-এর বৈধতা ও যথার্থতা পুনঃপর্যালোচনা করে প্রযোজ্য আইন ও বিধি-বিধান অনুসরণপূর্বক তা বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদান করা হলো; এবং

৫.৫ বাদীপক্ষ কর্তৃক আলোচ্য কার্যক্রমের প্রেক্ষিতে PPR ২০২৫-এর বিধি ৭৩(১৩)(গ) অনুযায়ী দাখিলকৃত নিরাপত্তা জামানত (Security Deposit) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (BPPA) কর্তৃক প্রযোজ্য বিধি-বিধান অনুসরণপূর্বক ফেরত প্রদান করা হবে।

(আব্দুল হক)	(মোছাঃ লুৎফা বেগম)	(প্রকৌঃ শেখ নজরুল ইসলাম)
সদস্য	সদস্য	চেয়ারপারসন
রিভিউ প্যানেল-২	রিভিউ প্যানেল-২	রিভিউ প্যানেল-২